



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০
ওয়েব সাইট: www.berc.org.bd

গণ-বিজ্ঞপ্তি

নং- ২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২৬. ২০২২

তারিখ : ২৩ বৈশাখ ১৪৩৩
০৬ মে ২০২৬

বিষয়ঃ বিদ্যুতের পাইকারি, সঞ্চালন এবং খুচরা মূল্যহার পরিবর্তনের প্রস্তাবের বিষয়ে আগ্রহী পক্ষগণের গণশুনানি সংক্রান্ত।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এবং সংশ্লিষ্ট প্রবিধানমালা অনুযায়ী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) বিদ্যুতের পাইকারি (বান্ধ) ও খুচরা মূল্যহার; পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি (পিজিবিপিএলসি) বিদ্যুতের সঞ্চালন মূল্যহার; এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি), ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো), ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো) ও নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো) বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তনের জন্য কমিশনে প্রস্তাব দাখিল করেছে। উক্ত প্রস্তাবসমূহ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিদ্যুৎ উৎপাদন ট্যারিফ) প্রবিধানমালা, ২০০৮; বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বিদ্যুৎ সঞ্চালন ট্যারিফ প্রবিধানমালা, ২০১৬ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বিদ্যুৎ বিতরণ (খুচরা) ট্যারিফ প্রবিধানমালা, ২০১৬ অনুযায়ী গণশুনানি সংশ্লিষ্ট পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ইতোমধ্যে কমিশন কর্তৃক গৃহীত হয়েছে।

০২। বিদ্যুতের পাইকারি, সঞ্চালন ও খুচরা মূল্যহার পরিবর্তনের প্রস্তাবসমূহের বিষয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) এবং বর্ণিত ট্যারিফ প্রবিধানমালা অনুযায়ী নিম্নবর্ণিত স্থান ও সময়সূচি অনুযায়ী আগ্রহী পক্ষগণের গণশুনানি অনুষ্ঠিত হবে:

সংস্থা/কোম্পানী	গণশুনানির বিষয়	গণশুনানির তারিখ ও সময়	গণশুনানির স্থান
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো)	বিদ্যুতের পাইকারি (বান্ধ) মূল্যহার পরিবর্তন	২০ মে ২০২৬ সকাল ১০:০০ টা - দুপুর ০১:০০ টা	কৃষিবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ (কেআইবি) অডিটোরিয়াম কেআইবি কমপ্লেক্স, খামারবাড়ি রোড, ঢাকা- ১২১৫।
পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি (পিজিবিপিএলসি)	বিদ্যুতের সঞ্চালন মূল্যহার পরিবর্তন	২০ মে ২০২৬ দুপুর ০২:০০ টা - বিকাল ০৫:০০ টা	
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি), ঢাকা ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো), ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো) ও নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো)	বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তন	২১ মে ২০২৬ সকাল ১০:০০ টা - বিকাল ০৫:০০ টা	

০৩। আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা-কে ১৮ মে ২০২৬ তারিখের মধ্যে গণশুনানি-পূর্ব লিখিত বক্তব্য/মতামত কমিশনে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অধিকন্তু, গণশুনানিতে অংশগ্রহণের নিমিত্ত ১৭ মে ২০২৬ তারিখের মধ্যে কমিশনে নাম তালিকাভুক্তির জন্যও অনুরোধ করা হ'ল।

০৪। তালিকাভুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা উল্লিখিত তারিখে অনুষ্ঠেয় গণশুনানিতে অংশগ্রহণপূর্বক বিদ্যুতের পাইকারি, সঞ্চালন ও খুচরা মূল্যহার পরিবর্তনের প্রস্তাবের বিষয়ে বিশ্লেষণধর্মী তথ্য-উপাত্ত ও সংশ্লিষ্ট দলিলাদি উপস্থাপন করতে পারবেন।

০৫। বিদ্যুতের পাইকারি, সঞ্চালন ও খুচরা মূল্যহার পরিবর্তনের প্রস্তাবের অনুলিপি অফিস চলাকালীন কমিশন কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। এছাড়া কমিশনের ওয়েব সাইট www.berc.org.bd থেকেও ডাউনলোড করা যাবে।

০৬। নির্ধারিত গণশুনানিতে অংশগ্রহণ বা উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

কমিশনের নির্দেশক্রমে,

মোঃ নজরুল ইসলাম সরকার

সচিব, বিইআরসি।

ফোন: ০২-২২৬৬৪০৯০৫